তারিখ :১৮ -০৩ -২০১৮
সভার স্থান:কাওরান বাজার, ঢাকা

**বাংলা বিভাগ অ্যালামনাই রাজশাহী বিশ্ববিদ্যালয় এর নবনির্বাচিত পরিষদের প্রথম সভার কার্যবিবরণী**

বাংলা বিভাগ অ্যালামনাই রাজশাহী বিশ্ববিদ্যালয় এর নবনির্বাচিত কার্যনির্বাহী পরিষদের প্রথম সভা ১৬ মার্চ,২০১৮ শুক্রবার বিকেল ৪টায় ঢাকার কাওরান বাজারে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বাংলা বিভাগ অ্যালামনাই এর সভাপতি কবি আপেল আবদুল্লাহ। সভা পরিচালনা করেন বাংলা বিভাগ অ্যালামনাই এর সাধারণ সম্পাদক প্রফেসর ড. পি এম সফিকুল ইসলাম।

আলোচ্যসূচি অনুযায়ী দ্বি-বার্ষিক সাধারণ সভার সাফল্য ব্যর্থতা নিয়ে উপস্থিত সদস্যরা আলোচনায় অংশ নেন। যে সকল ক্ষেত্রে ভুল ভ্রান্তি হয়েছে তা যেন ভবিষ্যতে না হয় সে জন্য সতর্ক থাকতে হবে। তবে সর্বোপরি অত্যন্ত সফল দ্বি-বার্ষিক সাধারণ সভা ও সম্মিলন অনুষ্ঠিত হওয়ায় এবং সকল সদস্য স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করায় নবনির্বাচিত নির্বাহী পরিষদের পক্ষ থেকে সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এছাড়া গঠনতন্ত্র অনুযায়ী কাযনির্বাহী পরিষদের প্রথম সভায় উপদেষ্টা পরিষদ নির্বাচনের বিষয় ও অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্তসমূহ :

১। ভবিষ্যতে আরও জাঁকজমকপূর্ণভাবে দ্বি-বার্ষিক সম্মিলন অনুষ্ঠানে সুসমন্বয়ের ওপর গুরুত্ব দিতে হবে।

২। রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ, বাংলা বিভাগ কর্তৃপক্ষ, বিশ্ববিদ্যালয়ের বর্তমান ছাত্র-ছাত্রী, বিভিন্ন ক্ষেত্রে অনুদান দাতা, স্পন্সর, বিজ্ঞাপন দাতা, প্রেস ও মিডিয়ার সদস্যবৃন্দ সম্মিলন আয়োজনে যে সহযোগিতা প্রদান করেছেন সে জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

৩। গঠনতন্ত্রের ৭ এর ১ অনুযায়ী সভায় নিম্নবর্ণিত সাত জন বিশিষ্ট ব্যক্তিত্বকে ২০১৮ ও ২০১৯ সালের জন্য প্রধান উপদেষ্টা ও উপদেষ্টা হিসাবে মনোনয়ন প্রদান করে।

| | | |
|---|---|---|
| ০১ | প্রধান উপদেষ্টা | প্রফেসর ড. আবদুল খালেক |
| ০২ | উপদেষ্টা | আবদুল আজিজ |
| ০৩ | ,, | হাসিবুল ইসলাম |
| ০৪ | ,, | জামিল রায়হান |
| ০৫ | ,, | ড. তসিকুল ইসলাম রাজা |
| ০৬ | ,, | ড. মোহাম্মদ জয়নুদ্দীন |
| ০৭ | ,, | ড. হামিদা বানু শোভা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আপেল আবদুল্লাহ্
সভাপতি
বাংলা বিভাগ অ্যালামনাই

প্রফেসর ড. পি, এম, সফিকুল ইসলাম
সাধারণ সম্পাদক
বাংলা বিভাগ অ্যালামনাই